# এস. আর. ফতেপুরিয়া কলেজ,
## বেলডাঙ্গা, মুর্শিদাবাদ

বিজ্ঞপ্তিতাং ১৭/০৬/২০১৬

## URGENT NOTIFICATION FOR 1ST COUNSELLING (HONOURS) ONLINE ADMISSION – 2016-17

কলেজের ২০১৬-১৭ শিক্ষাবর্ষের স্নাতকে স্তরে (সাম্মানিক ও সাধারণ) ভর্ত্তির জন্য চূড়ান্ত মেধাতালিকা ১৭/০৬/২০১৬ তারিখে কলেজের ওয়েবসাইটে প্রকাশিত করা হল। উক্ত মেধাতালিকা অনুযায়ী বিষয় ভিত্তিক আসন সংখ্যার ভিত্তিতে ভর্ত্তির জন্য নির্বাচিত ছাত্র-ছাত্রীদের একটি তালিকা (1st Counselling Student List) কলেজের ওয়েবসাইটে ১৯/০৬/২০১৬ তারিখে প্রকাশিত করা হবে। ছাত্র-ছাত্রীদেরকে কলেজের ওয়েবসাইট **www.srfconline.in**-এর **E-counselling** মেনুতে তাদের নাম দেখতে **হবে** ও সেই সঙ্গে অবশ্যই ভর্ত্তির জন্য চালানের কপির Print-out নিয়ে নিম্নে উল্লেখিত দিন গুলিতে কলেজে Spot Verification-এর জন্য আসতে হবে। Spot Verification সম্পূর্ণ হলে কলেজ ভর্ত্তির অনুমোদন দিবে ও ছাত্র-ছাত্রী কর্তৃক প্রদত্ত E-counselling চালানটি সিল-স্বাক্ষর করে ছাত্র-ছাত্রীকে প্রদান করবে। ছাত্র-ছাত্রী ঐ চালান টি নিয়ে নির্দিষ্ট সময়ের মধ্যে **UNION BANK OF INDIA**-র বেলডাঙ্গা শাখায় জমা করলে ভর্ত্তি সম্পুর্ণ হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে **UNION BANK OF INDIA**-র বেলডাঙ্গা শাখায় চালান জমা না করলে ভর্ত্তি বাতিল হবে।

Couneslling List -এর ছাত্র-ছাত্রীদের নিম্নলিখিত দিনগুলিতে **COUNSELLING** ও **SPOT VERIFICATION**-র জন্য কলেজে ডাকা হবে ঃ-

**২০/০৬/২০১৬: বাংলা ও গণিত সকাল ১১টা, পদার্থবিদ্যা ও বাণিজ্য দুপুর ১টা থেকে**
**২১/০৬/২০১৬: দর্শন ও ইতিহাস সকাল ১১টা, ইংরাজী ও পরিবেশ বিজ্ঞান দুপুর ১টা থেকে**
**২৩/০৬/২০১৬: আরবী ও রাষ্ট্রবিজ্ঞান সকাল ১১টা, ভূগোল দুপুর ১টা থেকে।**

উক্ত দিনগুলিতে 1st Counselling Student List ভুক্ত ছাত্রছাত্রীরাই শুধুমাত্র কলেজে প্রবেশ করবে । কোন ছাত্র সংগঠনের প্রতিনিধি, বর্তমান ছাত্রছাত্রী, অভিভাবকরা প্রবেশ করতে পারবে না ।

**কাউন্সেলিং-এর তালিকা ভূক্ত ছাত্রছাত্রীদের সঙ্গে অবশ্যই আনতে হবে ।**

১. ব্যাঙ্ক এর চালান
২. ফর্ম এর হার্ড কপি (আসল)
৩. মাধ্যমিকের এডমিট (আসল এবং জেরক্স)
৪. উচ্চ মাধ্যমিকের মার্ক সীট (আসল এবং জেরক্স)
৫. স্কুল লিভিং সার্টিফিকেট (যে স্কুল থেকে উচ্চমাধ্যমিক পাশ ) (আসল)
৬. ইনকাম এবং বাসিন্দা সার্টিফিকেট (পৌরসভা/পঞ্চায়েত) (আসল)
৭. এস. টি / এস. সি / ও.বি.সি. সার্টিফিকেট (আসল এবং জেরক্স)
৮. রাজ্য বা জাতীয় স্তরের খেলার সর্টিফিকেট (থাকলে) (আসল এবং জেরক্স)
৯. আধার কার্ড, যদি থাকে (আসল এবং জেরক্স)

**** উপরের উল্লেখিত সমস্ত ডকুমেন্টসের স্ব-প্রত্যায়িত (SELF-ATTESTED) কপি ভর্ত্তির ফর্মের সঙ্গে জমা দিতে হবে। কলেজ কর্তৃপক্ষ সেগুলি আসল ডকুমেন্টসের সঙ্গে VERIFICATION করে ভর্ত্তির জন্য অনুমতি দেবে। আসল ডকুমেন্টস ছাড়া কোনভাবেই VERIFICATION করা যাবে না।কাউন্সেলিং-এর দিন অবশ্যই ছাত্র-ছাত্রীদেরকে নিজে উপস্থিত থাকতে হবে। কোনো অবস্থাতেই ছাত্র-ছাত্রীদের প্রেরিত কোনো অভিভাবক বা প্রতিনিধিকে কাউন্সেলিং-এর জন্য অনুমতি দেওয়া হবে না, সেক্ষেত্রে তার ভর্ত্তি সরাসরি বাতিল হবে।**

**আদেশানুসারে, ডঃ সুজাতা মুখোপাধ্যায়, ভারপ্রাপ্ত অধ্যাপিকা**